

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

আরবী

وَعَن أَبِي أَيُّوبِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِذَا عَطْسَ أَحَدَكُم فَلْيقَلْ: الله عَلَى كُلِّ حَالٍ وَلْيَقُلِ الَّذِي يَرُدُّ عَلَيْهِ: يَرْحَمَكُ الله وَليقل هُوَ: يهديكم وَيصنْلح بالكم رَوَاهُ التِّرْمِذِيِّ والدارمي

বাংলা

8৭৩৯-[৮] আবূ আইয়্ব (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কারো হাঁচি আসে, সে যেন বলে, ''আল-হামদু লিল্লাহি 'আলা- কুল্লি হা-ল'' অর্থাৎ- সর্বাবস্থায় মহান আল্লাহর প্রশংসা। আর যে ব্যক্তি তার উত্তর দেবে সে যেন বলে, ''ইয়ারহামুকাল্ল-হ'' অর্থাৎ- আল্লাহ তোমাকে দয়া করুন! এরপর তার উত্তরে পুনরায় হাঁচিদাতা বলবে, ''ইয়াহ্ দীকুমুল্ল-হু ওয়া ইউসলিহু বা-লাকুম'' অর্থাৎ- আল্লাহ তোমাকে সঠিক পথপ্রদর্শন করুন এবং তোমার অবস্থা ভালো করুন! (তিরমিয়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ২৭৪১, দারিমী ২৬৫৯, ইবনু মাজাহ ৩৭১৫, আবূ দাউদ ৫০৩৩, সহীহুল জামি'উস্ সগীর, ৬৮৮, ইরওয়াউল গালীল ৩/২৪৪, আহমাদ ৮৬৩১, বুখারী ৬২২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উক্তি (وَيَصْلُح بِالكم) উল্লেখিত বাক্যোংশ بال শব্দটি ৩টি অর্থে ব্যবহার হতে পারে।

১. কলব বা অন্তর অর্থে হতে পারে। ২. স্বচ্ছল জীবন যাপন হতে পারে। ৩. স্থান বা অবস্থা, অত্র হাদীসে তৃতীয় অর্থে ব্যবহার হওয়া অধিক প্রযোজ্য। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ হাঁচিদাতা "আলহামদুলিল্লা-হ" এর চেয়ে বেশি করে শব্দ যোগ করে বলতে পারে। যেমন- (الْحَمْدُ لِللّٰهِ عَلٰى كُلّ حَال) "আল-হামদু লিল্লাহি 'আলা-



কুল্ল হা-ল"। শ্রোতাগণ বলবেন يرحكم الله 'ইয়ারহামুকাল্ল-হ" অথবা يرحكم الله 'ইয়ারহাকুমুল্ল-হ"। এগুলো সহীহ হাদীস দ্বারা প্রমাণিত রয়েছে। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন